



বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়  
VIDYASAGAR UNIVERSITY  
Question Paper

**B.A./B.Com General Examinations 2022**

(Under CBCS Pattern)

**Semester - II**

**Subject : BENGALI**

**Paper : AECC (CORE) - MIL - 1**

**Full Marks : 60**

**Time : 3 Hours**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*The figures in the margin indicate full marks.*

বিভাগ - ক

যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

২×৫=১০

- ১। ‘ঘুমহীন তাদের চোখে হানা দেয়/কীসের ক্লান্ত দুঃস্বপ্ন।’—এখানে তাদের বলতে কাদের কথা বলা হয়েছে?  
তারা কোথায় কাজ করে? ১+১
- ২। ‘ফাটা ডিমে আর তা দিয়ে কী ফল পাবে?/মনস্তাপেও লাগবে না ওতে জোড়া।’—কবিতাংশটির অর্থ ব্যাখ্যা  
করো। ১+১
- ৩। ‘হাসিছেন তিনি অমৃত-হিয়ার নিভৃত অন্তরালে!’—কোন কবিতার অংশ এটি? তিনি বলতে কার কথা বলা  
হয়েছে? ১+১
- ৪। তারিণী মাঝি কোন্ ঘাটে খেয়া পারাপার করে? ঘাটটি কোন্ নদীতে অবস্থিত? ১+১

P.T.O.

- ৫। ‘মহেশ’ গল্পে গফুর কোন্ গ্রামে বাস করে? সেই গ্রামের জমিদারের নাম কী? ১+১
- ৬। ‘টিচার’ গল্পে রায়বাহাদুর অবিনাশ তরফদার কোন্ স্কুলের সেক্রেটারি ছিলেন? এই স্কুলের হেড মাস্টারের নাম কী? ১+১
- ৭। ‘গিরগিটি’ গল্পের ভুবন সরকার চরিত্রটির পেশা কী? সে যে ঘরে ভাড়া থাকে, তার মালিকের নাম লেখো। ১+১
- ৮। ‘ভদ্রর লোকে আবার ছাগল পোষে!’—বক্তা কে? তিনি লক্ষ্মকর্ণকে বিদায় দেওয়ার জন্য কাকে নির্দেশ দিয়েছিলেন? ১+১

### বিভাগ - খ

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- ৯। ‘বড়বাবুর কাছে নিবেদন’ কবিতায় যান্ত্রিক সমাজের বড়বাবু নির্বাসিত কেরানীর কাছ থেকে কী কী কেড়ে নিতে পারবে না, তা সংক্ষেপে আলোচনা করো। ৫
- ১০। ‘আমার ক্লান্তির উপর বারুক মছয়া ফুল/নামুক মছয়ার গন্ধ।’—এখানে আমার বলতে কার কথা বলা হয়েছে? বক্তার এমন ইচ্ছার কারণ আলোচনা করো। ১+৪
- ১১। ‘তোমাতে রয়েছে সকল কেতাব সকল কালের জ্ঞান,/সকল শাস্ত্র খুঁজে পাবে সখা, খুলে দেখ নিজ প্রাণ!’—এখানে কবি কেন একথা বলেছেন, তা আলোচনা করো। ৫
- ১২। ‘লক্ষ্মকর্ণ’ গল্পে বংশলোচন বাবু চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো। ৫
- ১৩। ‘পুঁইমাচা’ গল্পে প্রকৃতির সঙ্গে মানবসত্তার ঐক্য কিভাবে বিধৃত হয়েছে আলোচনা করো। ৫
- ১৪। ‘টিচার’ গল্পে গিরিন চরিত্রটির ভূমিকা আলোচনা করো। ৫

### বিভাগ - গ

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

- ১৫। ‘শ্যামলী’ কাব্যগ্রন্থের ‘আমি’ কবিতায় রবীন্দ্রনাথ যেভাবে মানবসত্তার অপরিমেয়তার উপলব্ধিকে ব্যক্ত করেছেন, তা নিজের ভাষায় লেখো। ১০
- ১৬। ‘উটপাখি’ কবিতায় মধ্যবিত্ত জীবনদর্শনের যে সংকট প্রতিফলিত হয়েছে, তা লেখো। ১০

- ১৭। ‘তারিণী মাঝি’ গল্পে তারিণীর বেঁচে ওঠার মধ্যে দিয়ে যে জীবন-পিপাসা ফুটে উঠেছে, তা আলোচনা করো। ১০
- ১৮। জ্যোতিরিন্দ্র নন্দীর ‘গিরগিটি’ গল্পের নামকরণের সার্থকতা বিচার করো। ১০
- ১৯। শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ‘মহেশ’ গল্পে সমকালীন সমাজ ব্যবস্থার যে চিত্র ফুটে উঠেছে, তা পর্যালোচনা করো। ১০
- 

Vidyasagar University





বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়  
VIDYASAGAR UNIVERSITY

Question Paper

**B.A./B.Sc./B.Com. (Honours/General)/Major Examination 2022**

**(Under CBCS Pattern)**

**Semester - II**

**Subject: ENVIRONMENTAL STUDIES**

**Paper: AECC 2**

**Full Marks : 50**

**Time : 2 Hours**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*The figures in the margin indicate full marks.*

**Group - A**

Answer any *two* questions.

15×2=30

1. Should ecology be a compulsory subject at undergraduate level? Write down a reasonable explanation for your opinion. 5+10
2. Is there any effect of deforestation on the forests in your locality? What are the effects of deforestation? Write down the importance of joint forest management with an example. 1+4+10
3. What do you mean by global warming? Discuss the effects of global warming and acid rain on human society and agriculture. 3+6+6
4. What do you mean by solid waste management? Describe the methods of waste management in urban and industrial areas. What is the maximum tolerance level of noise of humans? 3+10+2

P.T.O.

**Group - B**Answer any *two* questions.

10×2=20

1. Explain India as a 'mega biodiversity nation'. Name some endangered and endemic species of India. 3+7
2. What is sustainable development? Write the principles of sustainable development. 3+7
3. What is non-conventional energy? Give a brief note on the production and use of a non-conventional energy. 2+8
4. Name some environmental movements of India. Briefly explain any one such movement from India. 3+7

**বঙ্গানুবাদ****বিভাগ - ক**

যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

১৫×২=৩০

- ১। বাস্তুতন্ত্রবিদ্যা কি স্নাতক স্তরে আবশ্যিক পাঠ্য হওয়া উচিত? তোমার মতামতের স্বপক্ষে যুক্তিগ্রাহ্য ব্যাখ্যা লিপিবদ্ধ করো। ৫+১০
- ২। তোমার নিকটবর্তী বনাঞ্চলে কি বনহননের প্রভাব পড়েছে? বনহননের প্রভাবগুলি কি কি? উদাহরণসহ যৌথ বনব্যবস্থার গুরুত্বগুলি লিপিবদ্ধ করো। ১+৪+১০
- ৩। বিশ্ব উষ্ণায়ন বলতে কি বোঝো? মানব সমাজ ও কৃষি কাজের উপর বিশ্ব উষ্ণায়নের ও অম্লবৃষ্টির প্রভাবগুলি আলোচনা করো। ৩+৬+৬
- ৪। কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বলতে কি বোঝো? নগরাঞ্চল ও শিল্পাঞ্চলের বর্জ্য ব্যবস্থার উপায়গুলি বর্ণনা করো। মানুষের ক্ষেত্রে সর্বাধিক শব্দ দূষণের মাত্রা কি? ৩+১০+২

**বিভাগ - খ**

যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

১০×২=২০

- ১। “ভারত মেগা জীব বৈচিত্র্যপূর্ণ দেশ” — ব্যাখ্যা করো। ভারতের কয়েকটি বিপন্ন ও আঞ্চলিক সীমাবদ্ধ প্রজাতির নাম লেখো। ৩+৭
- ২। স্থিতিশীল উন্নয়ন কি? স্থিতিশীল উন্নয়নের নীতিগুলি লেখো। ৩+৭
- ৩। অচিরাচরিত শক্তি কি? একটি অচিরাচরিত শক্তির উৎপাদন ও ব্যবহার পদ্ধতি লেখো। ২+৮
- ৪। ভারতের কয়েকটি পরিবেশগত আন্দোলনের নাম লেখো। যেকোনো একটি পরিবেশগত আন্দোলন সম্পর্কে আলোচনা করো। ৩+৭